**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 30–07–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

**Headlines :**

**(১) ২০২৪ সালের NEET UG'র কাউন্সেলিং এর প্রথম পর্ব আগামী ১৪ই আগস্ট থেকে শুরু হবে ।**

**(২) গ্রাহক সন্তুষ্টির তালিকায় আগরতলা বিমানবন্দর দেশে দশম স্থানে উঠে এসেছে ।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন যে দেশের জিডিপি ৮ শতাংশ হারে বাড়ছে এবং শীঘ্রই ভারত বিশ্বের তৃতীয় বৃহত্তম অর্থনীতিতে পরিণত হবে ।**

**(৪) প্যারিসে আয়োজিত ৩৩তম অলিম্পিকে আজ ভারতের ঝুলিতে আরও একটি পদক এলো ।**

**************************************************

**NEET UG Counselling :**

২০২৪ সালের NEET UG'র কাউন্সেলিং এর প্রথম পর্ব আগামী ১৪ ই আগস্ট থেকে শুরু হবে। রাজ্যসভায় আজ সম্পূরক প্রশ্নের জবাবে, স্বাস্থ্য প্রতিমন্ত্রী অনুপ্রিয়া প্যাটেল বলেন যে সুপ্রিম কোর্টের আদেশ অনুসারে, কাউন্সেলিং চার পর্বে অনুষ্ঠিত হবে। শ্রীমতি প্যাটেল বলেন, আগষ্টের প্রথম সপ্তাহে নিবন্ধন শুরু হবে

এবং ১৪ আগস্ট থেকে ২৩শে আগস্টের মধ্যে প্রথম দফার কাউন্সেলিং অনুষ্ঠিত হবে।

*************************

**Agartala Airport :**

গ্রাহক সন্তুষ্টির তালিকায় আগরতলা বিমানবন্দর দেশে দশম স্থানে উঠে এসেছে। আর উত্তর পূর্ব ভারতের মধ্যে শীর্ষ অবস্থানে রয়েছে। আজ আগরতলা বিমানবন্দরের সহকারী জেনারেল ম্যানেজার জেম্পো হাকিপ জানিয়েছেন, দেশের ৬১টি বিমানবন্দরে সমীক্ষার পর বিমান বন্দর কর্তৃপক্ষ এই অবস্থানের কথা জানিয়েছে। শ্রী হাকিপ আরও জানান, পরিষ্কার-পরিচ্ছন্নতা, পরিবেশ, কেনাকাটার সুবিধা, এয়ারলাইন্সের কর্মী এবং নিরাপত্তা কর্মীদের সৌজন্য ইত্যাদি বিষয়ের ওপর বিমানবন্দর কর্তৃপক্ষ সমীক্ষা করে। বিমাবন্দর কর্তৃপক্ষের অধিকর্তা কে সি মিনার নেতৃত্বে গ্রাহকদের স্বাচ্ছন্দের সর্বোত্তম সুবিধা দেওয়া হচ্ছে বলে জানান শ্রী হাকিপ।

*******************************

**RTA :**

আসাম আগরতলা জাতীয় সড়কে ভয়াবহ পথ দুর্ঘটনায় আজ একজন নিহত ও তিনজন গুরুতর আহত হয়েছেন। আসাম আগরতলা জাতীয় সড়কের চুরাইবাড়ি থানার শনিছড়া এলাকায় আজ কাকভোরে বাগবাসার দিক থেকে আসা ১৬ চাকার ডাম্পারের সঙ্গে চুরাইবাড়ির দিক থেকে আসা ১২ চাকার ট্রাকের মুখোমুখি সংঘর্ষ হয়। দুই গাড়ির চালক ও সহ চালকরা গুরুতরভাবে আহত হন। পুলিশ, ফায়ার সার্ভিস ও স্থানীয়

মানুষের সহায়তায় তাদের স্থানীয় হাসপাতালে পাঠানো হলে সাজানুল ইসলাম নামের একজনকে উন্নত চিকিৎসার শিলচর রেফার করা হয়। হাসপাতালে নিয়ে যাবার সময় রাস্তাতেই তার মৃত্যু হয়। চুরাইবাড়ি থানার পুলিশ দুর্ঘটনার কারণ অনুসন্ধানে তদন্ত চালাচ্ছে।

*********************************

**Mayor :**

আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার আজ লেইক চৌমুহনীস্থিত বাজারটি পরিদর্শনে যান। পরিদর্শন কালে মেয়র অবৈধভাবে স্থান দখলকারী দোকানীদের জায়গা ছেড়ে দিতে সাতদিনের সময়সীমা বেঁধে দেন। শ্রী মজুমদার বলেন অন্য সব বাজারগুলির মতো লেইকচৌমুহনী বাজারটিকেও আধুনিকভাবে সাজিয়ে তোলা হবে। মেয়রের সঙ্গে ছিলেন পুর কমিশনার শৈলেশ কুমার যাদব সহ অন্যান্যরা আধিকারিকরা।

****************************

**Election Campaign :**

সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া আজ ত্রি-স্তরীয় পঞ্চায়েত নির্বাচনে বিজেপির জিলা পরিষদের প্রার্থী শম্ভু মাণিকের সমর্থনে উত্তর জোলাইবাড়ি গ্রাম পঞ্চায়েতের ডলুছড়া এলাকায় বাড়ি বাড়ি প্রচার করেন। প্রার্থী শম্ভু মানিক সহ বিজেপি দলীয় নেতা-কর্মীরা মন্ত্রীর সঙ্গে ছিলেন।

*****************************

**BJP Campaign :**

ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনে পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ১২ নম্বর আসনে ভারতীয় জনতা পার্টির প্রার্থী বিশ্বজিত শীলের সমর্থনে পুরাতন আগরতলার পূর্ব চাম্পামুড়া সেবাধাম সংলগ্ন এলাকা থেকে বাড়ি বাড়ি গিয়ে প্রচার শুরু করেন দলের কর্মীসমর্থকরা। মানুষ বিগত দিনের কাজের নিরিখে তাদের ভোট দেবেন বলে আশা ব্যক্ত করেন প্রার্থী বিশ্বজিত শীল।

******************************

**Panchayat Election :**

ধলাই জেলায় আসন্ন ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনকে ঘিরে প্রশাসনিক তৎপরতা চলছে। ভোট প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে প্রশাসনিক স্তরে প্রশিক্ষণ কর্মসূচি চলছে। আজ আমবাসা আরডি ব্লকের অধীন যে সকল কর্মীরা ভোটের কাজে নিযুক্ত তাদের দ্বিতীয় পর্বের প্রশিক্ষণ দেওয়া হয়। আমবাসা পঞ্চায়েত রাজ ট্রেনিং ইনস্টিটিউটে আয়োজিত প্রশিক্ষণ কর্মসূচিতে ২২টি দলের ১৩২ জনকে প্রশিক্ষণ দেওয়া হয়। রিটার্নিং অফিসার তথা আমবাসা সমষ্টি উন্নয়ন আধিকারিক মুনমুন দেববর্মা জানান আজ নির্বাচনী নীতিনির্দেশিকা অনুসারে ভোটের কাজে নিয়োজিত কর্মীদের প্রশিক্ষণ দেওয়া হয়। তিনি আরও জানান স্ট্রং রুম ইতিমধ্যেই প্রস্তুত হয়ে গেছে এবং আজ ব্যালট পেপারও পৌঁছে গেছে।

****************************

**Electricity Training :**

বিদ্যুৎ দপ্তরের লাইনম্যান এবং হেল্পারদের কাজের সময় দুর্ঘটনা এড়াতে এবং লাইনম্যান এবং হেলপাররা যাতে সুরক্ষাবিধি মেনে, দ্রুত লাইন মেরামত করতে পারেন, এই উদ্দ্যেশ্যে আজ প্রশিক্ষণ

শুরু হয়েছে। ত্রিপুরা স্টেট ইলেকট্রিসিটি কর্পোরেশনের উদ্যোগে ন্যাশনাল পাওয়ার ট্রেনিং ইনস্টিটিউটের উত্তর পূর্বাঞ্চলীয় কার্যালয়ের সহযোগিতায় আগরতলায় শহীদ ভগৎ সিং যুব আবাসে আজ সকাল দশটায় তিনদিনের প্রশিক্ষণ কার্যক্রম শুরু হয়েছে। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ন্যাশনাল পাওয়ার ট্রেনিং ইনস্টিটিউট উত্তর-পূর্বাঞ্চলীয় কার্যালয়ের অধিকর্তা ডঃ রোহিত ভার্মা, ত্রিপুরা স্টেট ইলেকট্রিসিটি কর্পোরেশনের কোম্পানি সেক্রেটারি অলক শ্রীবাস্তব, ডিজিএম কর্পোরেট শিশির দেববর্মা এবং ডিজিএম সেফটি রাজেন্দ্র দেববর্মা সহ অন্যান্য আধিকারিকরা। এই শিবিরে গোটা রাজ্য থেকে বাছাই করা ৩০ জন লাইনম্যান এবং হেলপার প্রাথমিক পর্যায়ে প্রশিক্ষণে এসেছেন। রোহিত ভার্মা জানিয়েছেন, গোটা দেশে একযোগে কুড়ি হাজার লাইনম্যানের প্রশিক্ষণ শুরু হয়েছে। তিনি জানান, এই প্রশিক্ষণে অত্যাধুনিক পদ্ধতিতে বিদ্যুতের লাইন মেরামতের বিষয়ে শেখানো হবে। পাশাপাশি সুরক্ষা বিধির বিষয়টিও নিশ্চিত করা হবে।

****************************

**TRAINING :**

রাজ্যজুড়ে ত্রি-স্তরীয় পঞ্চায়েতের ভোটের প্রস্তুতি চলছে। ঊনকোটি জেলার গৌরনগর ব্লকের অধীন কাউলীকুড়ার বি,এম স্মৃতি দ্বাদশমান বিদ্যালয়ে আজ ভোট কর্মীদের হাতে-কলমে প্রশিক্ষণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। আজ মোট 504 জন ভোটকর্মীকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। এখানে ব্যালট বাক্স এর ব্যবহার বিধি সম্পর্কেও অবহিত করা হয। গৌরনগর ব্লকের সহকারী রিটার্নিং অফিসার তথা A.R.O সুধাংশু সরকার জানান, গৌরনগর

ব্লকের 75টি পোলিং বুথে আগামী আট-ই আগষ্ট নির্বিঘ্নে ভোটপর্ব সম্পন্ন করতে যাবতীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।আজ ভোট কর্মীদের দ্বিতীয় পর্যায়ের প্রশিক্ষণপর্ব অনুষ্ঠিত হয়েছে।

******************************

**Ratan Chakraborty :**

আসন্ন ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনকে কেন্দ্র করে আজ খয়েরপুর বিধানসভার অন্তর্গত একতারা কমিউনিটি হলে বৈঠক অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন বিধায়ক রতন চক্রবর্তী পশ্চিম নোঁয়াবাদী পঞ্চায়েতের ১০ নম্বর জিলা পরিষদের বিজেপি প্রার্থী কামনা সরকার সহ মহিলা মোর্চা এবং স্ব- সহায়ক দলের সদস্যারা। বৈঠকে পঞ্চায়েত নির্বাচনের বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা হয়। পাশাপাশি দলীয় কার্যকর্তাদের মানুষের কাছে পৌঁছে তাদের সমস্যা সমাধানে আরো সচেষ্ট হওয়ার পরামর্শ দেন বিধায়ক শ্রী চক্রবর্তী।

*******************************

**Awareness camp :**

শিশুদের সুরক্ষা প্রকল্পে সচেতনতা বাড়াতে আজ নন্দননগর উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে এক আইনি শিবিরের আয়োজন করা হয়। পশ্চিম জেলা আইনসেবা কর্তৃপক্ষের উদ্যোগে আয়োজিত এই শিবিরে আলোচনা করেন আইনজীবী মল্লিকা দেবনাথ, বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষিকা নমিতা দে এবং আইনি স্বেচ্ছাসেবক রাজীব কুমার পাল। ভাষণে শ্রীমতি দেবনাথ বলেন, Student Sponsorship Scheme এ গরিব পরিবারের ছাত্রছাত্রীদের ভাতা দেওয়া হয়। এই বিষয়ে সহযোগিতা করে জেলা আইনসেবা কর্তৃপক্ষ।

***************************

**NSUI Deputation :**

রাজ্যের বিভিন্ন ডিগ্রী কলেজে ভর্তি প্রক্রিয়া নিয়ে অভিযোগ এনে আজ উচ্চশিক্ষা দপ্তরের অতিরিক্ত অধিকর্তার কাছে ডেপুটেশন দিল কংগ্রেসের ছাত্র সংগঠন NSUI. তাদের দাবী কলেজগুলিতে ভর্তির ক্ষেত্রে সমস্যার সন্মুখীন হতে হচ্ছে ছাত্রছাত্রীদের। তাদের ভর্তি প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পন্ন করার দাবীতে কংগ্রেস নেতা আমির হোসেনের নেতৃত্বে আজ এক প্রতিনিধি দল উচ্চশিক্ষা দপ্তরের অতিরিক্ত অধিকর্তার কাছে তাদের দাবি পেশ করেন।

****************************

**Agitation :**

নিয়মিতকরণ ও সরকারি কর্মচারীদের মত বিভিন্ন সুযোগ-সুবিধা প্রদান ইত্যাদি দাবিতে আজ স্বাস্থ্য দপ্তরের অনিয়মিত কর্মীরা আগরতলা আই জি এম হাসপাতালের মেডিকেল সুপারের অফিসের সামনে বিক্ষোভ প্রদর্শন করেন। স্বাস্থ্য দপ্তরের অনিয়মিত কর্মচারী সংগঠনের সম্পাদক রতন দেবনাথ জানিয়েছেন স্বাস্থ্য দপ্তরে থাকা ৯৫০ জন কর্মীকে অবিলম্বে নিয়মিত করা ও সরকারি কর্মচারীদের মতো সুযোগ-সুবিধা প্রদানের দাবিতেই এই কর্মসূচি।

******************************

**PM, CII :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন যে দেশের জিডিপি ৮ শতাংশ হারে বাড়ছে এবং শীঘ্রই ভারত বিশ্বের তৃতীয় বৃহত্তম অর্থনীতিতে পরিণত হবে। আজ নতুনদিল্লিতে 'জার্নি টুওয়ার্ডস ভিক্সিত ভারত: এ পোস্ট ইউনিয়ন বাজেট 2024-25' শীর্ষক সম্মেলনের উদ্বোধনী অধিবেশনে ভাষণ দিতে গিয়ে শ্রী মোদি বলেন,

মহামারীর সঙ্গে লড়াই করার পরেও ভারত নতুন উচ্চতায় পৌঁছেছে। প্রধানমন্ত্রী বলেন, সরকার যে গতি ও মাত্রায় পরিকাঠামো নির্মাণ করছে তা নজিরবিহীন। তিনি বলেন, মূলধন ব্যয়কে সম্পদ বিনিয়োগের সবচেয়ে বড় উৎপাদনশীল মাধ্যম বলা হয়। তিনি বলেন, ২০০৪ সালে ইউপিএ সরকারের প্রথম বাজেটে মূলধন ব্যয় ছিল প্রায় ৯০ হাজার কোটি টাকা এবং ২০১৪ সালে তা বেড়ে হয়েছে দুই লক্ষ কোটি টাকা।

প্রধানমন্ত্রী বলেন, বাজেটের আকার এখন তিন গুণ বেড়ে ৪৮ লক্ষ কোটি টাকা হয়েছে। তিনি বলেন, সরকার বিভিন্ন মন্ত্রকের বরাদ্দ রেকর্ড পরিমাণে বৃদ্ধি করেছে। প্রধানমন্ত্রী বলেন, ভারতই একমাত্র দেশ যেখানে উচ্চ প্রবৃদ্ধি এবং কম মুদ্রাস্ফীতি রয়েছে। তিনি বলেন, গত ১০ বছরে ২৫ কোটি মানুষ দারিদ্র্য থেকে বেরিয়ে এসেছেন। প্রধানমন্ত্রী বলেন, সরকার সহজে জীবনযাপন, দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থানের ওপর বিশেষ নজর দিয়েছে। তিনি বলেন, কৃষকদের নূন্যতম সহায়ক মূল্য প্রদানের ক্ষেত্রেও বিশেষ লক্ষ্য রয়েছে। তিনি বলেন, আজ ভারতের নীতি, নিষ্ঠা, সংকল্প এবং সিদ্ধান্ত সারা বিশ্বকে দেশে বিনিয়োগের জন্য আকৃষ্ট করছে।

প্রধানমন্ত্রী বলেন, তাঁর সরকার প্রতিশ্রুতি মতো বিকশিত ভারতের লক্ষ্যে সম্পূর্ণ মনোযোগ দিয়ে কাজ করছে।

এই সম্মেলনের আয়োজক কনফেডারেশন অফ ইন্ডিয়ান ইন্ডাস্ট্রি (CII) এবং এর লক্ষ্য হল প্রবৃদ্ধির জন্য সরকারের বৃহত্তর দৃষ্টিভঙ্গি এবং এই প্রচেষ্টায় শিল্পের ভূমিকার রূপরেখা উপস্থাপন করা।

*****************************

**Kerala Landslide :**

কেরালার মুখ্যমন্ত্রী পিনারাই বিজয়ন জানিয়েছেন, ভূমিধস-বিধ্বস্ত ওয়ানাদ জেলা থেকে এখনও পর্যন্ত ৯৩টি মৃতদেহ উদ্ধার করা হয়েছে। তিরুবনন্তপুরমে সাংবাদিকদের তিনি বলেন, ৩৪টি মৃতদেহ শনাক্ত করা হয়েছে যার মধ্যে ১৮টি মৃতদের স্বজনদের কাছে হস্তান্তর করা হয়েছে। আহত ১৩৮ জনকে বিভিন্ন হাসপাতালে ভর্তি করা হয়েছে। এদিকে মালপ্পুরম জেলার পোথুকালের চালিয়ার নদী থেকে ভূমিধসের পর ভেসে যাওয়া ১৬টি মৃতদেহ উদ্ধার করা হয়েছে। তিনি জানান ওয়ায়নাডে ৪৫টি ত্রাণ শিবির খোলা হয়েছে এবং শিবিরে ইতিমধ্যেই ৩০৬৯ জন আশ্রয় নিয়েছেন।

****************************

**Train derailed :**

ঝাড়খণ্ডে, চক্রধরপুর রেলওয়ে বিভাগের অন্তর্গত পোটোবেদা গ্রামের কাছে বারাবাম্বো এবং খরসাওয়া রেলওয়ে স্টেশনের মধ্যে আজ সকালে হাওড়া-মুম্বাই মেলের ১৮টি বগি লাইনচ্যুত হওয়ায় দুইজন যাত্রী নিহত এবং অনেক যাত্রী আহত হয়েছেন। ত্রাণ ও উদ্ধার অভিযানে বি-4 কোচ থেকে দুই যাত্রীর মরদেহ উদ্ধার করা হয়েছে। আহত যাত্রীদের স্থানীয় হাসপাতালে ভর্তি করা হয়েছে।

রেলের পক্ষ থেকে মৃতদের পরিবারকে ১০ লক্ষ টাকা করে বেশি আহতদের ৫ লক্ষ টাকা এবং অল্প আহতদের ১ লক্ষ টাকা করে দেয়া হচ্ছে।

এদিকে, ঝাড়খন্ড সরকারও অর্থ সাহায্যের কথা ঘোষণা করেছে।

******************************

**Krishak Sabha :**

সারা ভারত কৃষক সভার রাজ্য সম্পাদক পবিত্র কর বলেছেন জল সেচের অভাবে রাজ্যে আমন ধান চাষের বিরাট সমস্যা চলছে। এছাড়াও শ্রাবণ মাসে যে সমস্ত চাষ হয় সেসব জলের অভাবে ব্যাহত হচ্ছে। এই পরিপ্রেক্ষিতে সংগঠনের পক্ষ থেকে আজ জল সম্পদ দপ্তরের মুখ্য বাস্তুকারের কাছে এক স্মারক লিপি দেয়া হয়। স্মারকলিপিতে আমন চাষের জন্য জল সেচের ব্যবস্থা করার দাবি জানানো হয়। স্মারকলিপি প্রদানকালে রতন দাস, মধুসূদন দাস, এবং সিদ্দিকুর রহমান উপস্থিত ছিলেন।

*****************************

**Olympic :**

প্যারিসে আয়োজিত ৩৩তম অলিম্পিকে আজ ভারতের ঝুলিতে আরও একটি পদক এলো। মনু ভাকর ও সরবজোৎ সিং মিক্সড ১০ মিটার এয়ার পিস্তল শ্যুটিং এ আজ কোরিয়াকে হারিয়ে ব্রোঞ্জ পদক দখল করেন।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু মনু ভাকর এবং সরবজোৎ সিংকে অভিনন্দন জানিয়েছেন। সামাজিক মাধ্যমে রাষ্ট্রপতি বলেছেন, একই অলিম্পিক গেমসে ভারতের প্রথম মহিলা শ্যুটার হিসেবে দুটি পদক জিতে মনু ভাকর ইতিহাস সৃষ্টি করেছেন। রাষ্ট্রপতি বলেন, জাতিকে অত্যন্ত গর্বিত করেছেন। তিনি ভবিষ্যতে মনু ভাকর এবং সরবজোৎ সিংএর প্রভূত সাফল্য কামনা করেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিও মনু ভাকর এবং সরবজোৎ সিংকে অভিনন্দন জানিয়েছেন। তিনি সামাজিক মাধ্যমে বলেছেন,

ভারতীয় শুটাররা দেশকে গর্বিত করে চলেছেন। তিনি বলেন, দুজনেই দারুণ দক্ষতা দেখিয়েছেন। প্রধানমন্ত্রী বলেন, ভারত অত্যন্ত আনন্দিত। তিনি বলেন, মনু ভাকরের টানা দ্বিতীয় অলিম্পিক পদক, তার ধারাবাহিক শ্রেষ্ঠত্ব এবং নিষ্ঠা প্রদর্শন করে।

*******************************

**Olympic :**

প্যারিসে আয়োজিত ৩৩তম অলিম্পিকে আজ ভারতের ভজন কৌর মহিলাদের তীরন্দাজী ব্যক্তিগত বিভাগে ইন্দোনেশিয়ার W.Myszor কে হারিয়ে পরের রাউন্ডে খেলার যোগ্যতা অর্জন করেছেন। তার আগে আজই তিনি ইন্দোনেশিয়ার এস.এন. কমলকে হারান।

আজ ভারতের চিরাগ শেঠি এবং এস. র‍্যাঙ্কিরেড্ডি পুরুষদের ব্যাডমিন্টন ডাবলসে গ্রুপ সিতে ইন্দোনেশিয়ান জুটির বিরুদ্ধে জিতেছেন।

পুরুষদের হকি পুল বি ম্যাচে ভারত আজ আয়ারল্যান্ডের বিরুদ্ধে ২-০ গোলে জিতেছে।

*****************************

**Football at khumulung :**

খুমুলুঙ স্টেডিয়ামে আয়োজিত বীরবিক্রম স্মৃতি নকআউট ফুটবল প্রতিযোগিতায় শেষ আটে উঠলো বীনাপানি এফ সি। আজ বীনাপানি এফসি ৫-০ গোলে খুমুলুঙ প্লে সেন্টারকে পরাজিত করেছে। দলের পক্ষে বিলাশ দেববর্মা এবং অমিত জমাতিয়া দুটি

করে গোল করেন। একটি গোল করেন বীরু দেববর্মা। আসরে ২০টি দল অংশ নিয়েছে।

***************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দু এক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াস। আগামী ২৪ ঘন্টায় রাজ্যের দক্ষিণ জেলায় ভারী বর্ষণের সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

*******************************